Mayor's Office of Operations

# সিটিজেন পার্টিসিপেশন প্ল্যান

**Eric Adams**
মেয়র, নিউ ইয়র্ক সিটি

**Daniel Steinberg**
ডিরেক্টর, Mayor's Office of Operations'

# বিষয়বস্তু

ভূমিকা 2

কনসলিডেটেড প্ল্যান প্রক্রিয়াকরণ এবং উন্নয়ন 3

অন্যান্য পাবলিক এবং ব্যক্তিগত এজেন্সিগুলোর সাথে পরামর্শ 4
সার্বজনীন নোটিশ 4
প্রস্তাবিত পরিকল্পনা(গুলো) এবং সার্বজনীন মন্তব্য 4
গণ শুনানি 5
ভাষার এক্সেস/ অনুবাদ পরিষেবা 5
সার্বজনীন নোটিশ/শুনানির প্রয়োজনীয়তার জন্য পূর্বশর্ত 5
কনসলিডেটেড প্ল্যান/ এনুয়াল অ্যাকশন প্ল্যান এবং সিটিজেন পার্টিসিপেশন প্ল্যানে উল্লেখযোগ্য সংশোধনী 5
রেকর্ড অ্যাক্সেস 6
বাস্তু চ্যুতি 6
অভিযোগ 7
কারিগরি সহযোগিতা 7

# ভূমিকা

**সিটিজেন পার্টিসিপেশন প্ল্যান হলো সকল নাগরিকদের তাদের মতামত প্রদানের মাধ্যমে তাদের কমিউনিটি, প্রতিবেশী এবং তাদের জীবনমানের উপর প্রভাব ফেলে এমন সিদ্ধান্ত প্রভাবিত করার চর্চার পথ।**

সিটিজেন পার্টিসিপেশন প্ল্যান (CPP) হলো কমিউনিটির সদস্যদের মতামতের মাধ্যমে আবাসন এবং কমিউনিটি ডেভেলপমেন্টের গুরুত্বপূর্ণ দিক সমূহ চিহ্নিত করার জন্য নিউ ইয়র্ক সিটির ফ্রেমওয়ার্ক এবং মার্কিন যুক্তরাষ্ট্রের হাউজিং অ্যান্ড আরবান ডেভেলপমেন্ট (HUD) বিভাগ দ্বারা পরিচালিত কমিউনিটি প্ল্যানিং এবং ডেভেলপমেন্টে (CPD) ফর্মুলা এন্টাইটেলমেন্ট গ্রান্ট প্রোগ্রাম দ্বারা পাওয়া ফান্ডের ব্যবহারের নির্দেশিকা। CPD অনুদানের মধ্যে রয়েছে: **কমিউনিটি ডেভেলপমেন্ট ব্লক গ্র্যান্ট (CDBG) প্রোগ্রাম**, **হোম ইনভেস্টমেন্ট পার্টনারশিপ (HOME) প্রোগ্রাম**, **ইমারজেন্সী সলিউশন গ্র্যান্ট (ESG) প্রোগ্রাম**, এবং **হাউজিং অপরচুনেটিস ফর পারসন্স উইথ এইডস (HOPWA) প্রোগ্রাম**।

নাগরিকদের অংশগ্রহণের মাধ্যমে আবাসন এবং কমিউনিটি ডেভেলপমেন্টের গুরুত্বপূর্ণ দিক সমূহ শনাক্ত করে সিটির কনসলিডেটেড প্ল্যানে (প্ল্যান) অন্তর্ভুক্ত করা হয়েছে। CPD ফর্মুলা গ্রান্ট প্রোগ্রামের জন্য প্ল্যানটি পরিকল্পনার ডকুমেন্ট এবং আবেদন হিসেবে কাজ করে। প্ল্যানটি একটি পাঁচ বছরের পরিকল্পনা নিয়ে গঠিত যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে হাউজিং মার্কেট অ্যানালাইসিস, চাহিদার মূল্যায়ন, পাঁচ বছরের কৌশলগত পরিকল্পনা; এবং একটি এনুয়াল অ্যাকশন প্ল্যান পঞ্চবার্ষিক পরিকল্পনার প্রতি বছর প্রকাশিত হয় এবং কিভাবে আগামী বছরগুলোতে বার্ষিক স্থানীয় এবং ফেডারেল রিসোর্সগুলো ব্যবহার করা হবে সে বিষয় সম্পর্কে বর্ণনা করে (একত্রে "রিপোর্ট")। CPP তে বিস্তারিতভাবে বর্ণিত সহযোগিতামূলক প্রক্রিয়া ব্যবহারের মাধ্যমে রিপোর্টটি তৈরি করা হয়েছে যার ফলে কমিউনিটির প্রয়োজনীয়তা পূরণে কিভাবে রিসোর্স বণ্টন করতে হবে সে বিষয়ে একটি সম্মিলিত কৌশলগত দৃষ্টিভঙ্গি তৈরি হয়েছে।

প্ল্যান এবং বাৎসরিক অ্যাকশন প্ল্যানে নির্ধারিত লক্ষ্যগুলো পূরণের জন্য ফেডারেল এনটাইটেলমেন্ট ফান্ড ব্যবহারের ক্ষেত্রে সিটির প্রোগ্রেস সম্পর্কে কনসলিডেটেড প্ল্যান এনুয়াল পারফর্মেন্স এবং ইভালুয়েশন রিপোর্ট (CAPER) -এ বর্ণনা করা হয়েছে। নিচের আলোচনা অনুসারে, সিটিজেন পার্টিসিপেশন প্ল্যান নিচের কার্যক্রমগুলোর ক্ষেত্রে নাগরিকের অংশগ্রহণের বিষয়টি প্রচার করে:

- কনসলিডেটেড প্ল্যানের উন্নয়ন;
- এনুয়াল অ্যাকশন প্ল্যানের উন্নয়ন;
- একটি কনসলিডেটেড প্ল্যান, এনুয়াল অ্যাকশন প্ল্যান বা সিটিজেন পার্টিসিপেশন প্ল্যানে উল্লেখযোগ্য সংশোধনী বিবেচনা; এবং
- এনুয়াল CAPER এর পর্যালোচনা।

সিটি নিচে উল্লেখিত জনগোষ্ঠীদের অংশগ্রহণের জন্য উৎসাহিত করতে বিশেষ জোর প্রদানের পাশাপাশি সকল নাগরিকদেরকে অংশগ্রহণ করতে উৎসাহিত করে:

- নিম্ন ও মধ্য আয়ের মানুষ;
- সুবিধা বঞ্চিত এবং বিশেষ করে নিম্ন ও মধ্যম আয়ের এলাকার বসবাসকারীরা, যেখানের 51% বসবাসকারী এলাকার গড় আয়ের 80% এর নিচে আয় করেন;
- যেসব এলাকার বাসিন্দাদের CDBG, HOME, ESG এবং HOPWA -এর ফান্ড ব্যবহার করার অনুমতি রয়েছে;
- ইংরেজি ভাষায় কথা বলেনা এমন পরিবার;
- প্রতিবন্ধী; এবং
- পুনরুজ্জীবিত করার জন্য নির্দিষ্ট কৃত এলাকার পাবলিক হাউজিং এবং অন্যান্য নিম্ন আয়ের বাসিন্দারা।

# কনসলিডেটেড প্ল্যান প্রক্রিয়াকরণ এবং উন্নয়ন

কনসলিডেটেড প্ল্যান এবং এনুয়াল অ্যাকশন প্ল্যানের উন্নয়ন প্রক্রিয়া নিচে উল্লেখ করা হলো:

- অন্যান্য পাবলিক এবং প্রাইভেট এজেন্সিগুলোর সাথে পরামর্শ;
- হাউজিং এবং কমিউনিটি উন্নয়নের প্রয়োজনীয়তার উপরে প্রাথমিক গণ শুনানি;
- খসরা পরিকল্পনা, খসরা পরিকল্পনার প্রকাশনা এবং গণ শুনানির বিষয়ে মন্তব্য প্রদানের সময়কালের বিষয়ে নোটিশ;
- মন্তব্যগুলো বিবেচনা করে একটি পরিকল্পনা জমা দেওয়া।

সিটি ওয়েবসাইটে উন্নয়নমূলক কর্মকাণ্ড বিষয়ক কনসলিডেটেড প্ল্যানের একটি টাইমলাইন বজায় রাখবেন।

**নাগরিকদের অংশগ্রহণ**

| কর্মকাণ্ড | কনসলিডেটেড প্ল্যানের মানদণ্ড | নিয়মকানুন |
|---|---|---|
| হাউজিং এবং কমিউনিটি উন্নয়নের প্রয়োজনীয়তার উপরে গণ শুনানির নোটিশ | নোটিশ জারি করা | 91.105(e)(2) |
| হাউজিং এবং কমিউনিটি উন্নয়নের প্রয়োজনীয়তার উপরে গণ শুনানি; | গণ শুনানি | 91.105(b)(3), (e)(1) |
| খসরা পরিকল্পনার উপরে মন্তব্যের জন্য নির্ধারিত সময়কালের নোটিশ-কমপক্ষে মন্তব্য প্রদানের সময়কাল শুরু হওয়ার 2 সপ্তাহ পূর্বে | নোটিশ জারি করা | 91.105(e)(2) |
| মন্তব্য করার জন্য নির্ধারিত 30 দিন পরিকল্পনার কপি অনলাইনে, সরকারি অফিসে এবং ইত্যাদি স্থানে পাওয়া যাবে | খসরা পরিকল্পনার ইস্যুকরণ | 91.105(b)(2) এবং (g) |
| খসরা পরিকল্পনার বিষয়ে মন্তব্যের জন্য 30 দিন সময়কাল শেষ | প্রাপ্ত মন্তব্যগুলো রিভিউ করা হয়েছে। অনুদানকারীদের বিবেচনার মাধ্যমে চূড়ান্ত পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে | 91.105(b)(4) |
| পরিকল্পনা জমা দেওয়ার সময়সীমা - PY শুরুর ন্যূনতম 45 দিন আগে | পরিকল্পনা/কর্ম পরিকল্পনা HUD তে জমা দেওয়া হয়েছে | 91.15(a)(1) |
| **কাজ শুরুর বছর** | **HUD দ্বারা পরিকল্পনাটি অনুমোদিত হয়েছে** | **91.500(a)** |
| HUD দ্বারা পরিকল্পনা প্রত্যাখ্যান করা হলে অনুদানকারীকে অবশ্যই অসম্মতির নোটিশ প্রদানের 45 দিনের মধ্যে সংশোধিত পরিকল্পনা জমা দিতে হবে। | প্রাথমিক পরিকল্পনা অনুমোদন না করা হলে সংশোধিত পরিকল্পনা জমা দেওয়া হয় | 91.500(d) |
| পূর্ববর্তী PY-এর জন্য কর্মক্ষমতার শুরু এবং কর্মক্ষমতা মূল্যায়নের কৃতিত্ব | প্রোগ্রাম সম্পাদনের বিষয়ে তথ্য সংগ্রহ | 91.520 |
| PR অথবা PY -এর কর্মক্ষমতা মূল্যায়নের বিষয়ে মন্তব্যের জন্য সময়কালের নোটিশ | নোটিশ জারি করা | 91.105(e)(2) |
| কর্মক্ষমতা রিপোর্টের উপর সর্বজনীন মন্তব্যের সময়কাল ন্যূনতম 15 দিনের জন্য শুরু | খসরা CAPER ইস্যুকরণ | 91.105(e)(1) |
| চূড়ান্ত CAPER জমা দেওয়ার শেষ তারিখ | HUD-এ CAPER জমা দেওয়া হয়েছে | 91.520(a) |

## অন্যান্য পাবলিক এবং ব্যক্তিগত এজেন্সিগুলোর সাথে পরামর্শ

নিম্ন এবং মধ্যম আয়ের বাসিন্দাদেরকে অংশগ্রহণের জন্য উৎসাহিত করতে সিটি নির্দিষ্ট কর্তৃপক্ষ পাবলিক হাউজিং কর্তৃপক্ষ, প্রতিবেশীদের গ্রুপ এবং অন্যান্য সংস্থা যারা সিটির নিম্ন এবং মধ্যম এলাকা ও বাসিন্দাদের প্রতিনিধিত্ব করে তাদের সাথে আলোচনা করবে।

সিটি উন্নয়ন প্রক্রিয়া এবং রিপোর্টগুলি বাস্তবায়নের জন্য সংস্থাগুলোর (এর মধ্যে রয়েছে ব্যবসা প্রতিষ্ঠান, ডেভেলপার, অলাভজনক প্রতিষ্ঠান, জনহিতকর সংগঠন এবং কমিউনিটি/বিশ্বাস ভিত্তিক সংস্থাগুলি) সাথে আরো আলোচনা করবে।

এছাড়াও সিটি ব্রডব্যান্ড ইন্টারনেট পরিষেবা প্রদানকারী, ডিজিটাল বিভাজন সংকুচিত করার জন্য নিযুক্ত সংগঠনগুলি, এজেন্সি যারা বন্যা প্রবণ এলাকা, পাবলিক ল্যান্ড বা পানি সম্পদ এবং জরুরী ব্যবস্থাপনা সংস্থাগুলির সাথে আলোচনা করে।

সিটি উপরে উল্লিখিত সকল পক্ষকে পরিকল্পনা, কর্মসূচি, কার্যক্রম এবং খসড়া প্রতিবেদন পর্যালোচনা ও মন্তব্য করার জন্য যাতে পর্যাপ্ত সুযোগ দেওয়া হয় তা নিশ্চিত করে। এমনকি এর মধ্যে সীমিত ইংরেজি দক্ষতা এবং প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য উপযুক্ত থাকার ব্যবস্থাও অন্তর্ভুক্ত করা হয়েছে।

## সার্বজনীন নোটিশ

নিউ ইয়র্ক সিটি সার্বজনীন মন্তব্যের জন্য সময়কাল এবং সংশোধন, রিপোর্ট ও CAPER -এর বিষয়ে শুনানির জন্য যৌক্তিক নোটিশ প্রদান করবে। নোটিশগুলো শহরব্যাপী প্রচারের জন্য অন্তত একটি পত্রিকায় প্রিন্ট করা হবে। পাশাপাশি Mayor's Office of Operations'-এর ওয়েবসাইটেও পোস্ট করা হবে। ওয়েবসাইটে পোস্ট করা নোটিশগুলো ইংরেজি ছাড়া অন্যান্য ভাষায় পাওয়া যাবে। অন্যান্য ভাষা বলতে শুধু স্প্যানিশ এবং ম্যান্ডারিনের মধ্যেই সীমাবদ্ধ নয়। সার্বজনীন শুনানির নোটিশ শুনানির অন্তত 15 দিন পূর্বে প্রকাশিত হবে।

এছাড়াও সংশোধন, রিপোর্ট এবং CAPER -এর নোটিশ কনসলিডেটেড প্ল্যানের কন্টাক্ট লিস্টের সদস্যদের কাছে ইলেকট্রনিক্যালি পাঠানো হবে। আগ্রহী নাগরিক, সরকারী ব্যক্তিবর্গ, সরকারী পাঠাগারগুলো, সাশ্রয়ী মূল্যের আবাসন সংস্থা, সহায়ক আবাসন সংস্থা, এইচআইভি/এইডস অ্যাডভোকেসি সংস্থাগুলির পাশাপাশি কমিউনিটি ডেভেলপমেন্ট গ্রুপগুলি অন্তর্ভুক্ত রয়েছে।

যে ব্যক্তি বা সংস্থাগুলি কনসলিডেটেড প্ল্যানের কন্টাক্ট লিস্টে স্থান পেতে চায় তারা নিউ ইয়র্ক সিটি কনসলিডেটেড প্ল্যানের প্রোগ্রাম ম্যানেজারের সাথে Mayor's Office of Operations, 253 Broadway, 10th Floor, New York, New York, 10007 ঠিকানায় অথবা ওয়েবসাইট ConPlanNYC@cityhall.nyc.gov -এ ইমেইলের মাধ্যমে বা যোগাযোগ করতে পারেন।

## প্রস্তাবিত পরিকল্পনা(গুলো) এবং সার্বজনীন মন্তব্য

HUD -তে কনসলিডেটেড প্ল্যান, এনুয়াল অ্যাকশন প্ল্যান অথবা CAPER জমা দেওয়ার পূর্বে সিটি Mayor's Office of Operations'-এর ওয়েবসাইটে একটি খসরা প্রকাশ করবে।

সিটি কনসলিডেটেড প্ল্যান, এনুয়াল অ্যাকশন প্ল্যান এবং যে কোনও উল্লেখযোগ্য সংশোধনের পরিকল্পনা অন্তত 30 দিনের জন্য এবং CAPER-এর ক্ষেত্রে অন্তত 15 দিনের জন্য খসরা পরিকল্পনা পোস্ট করবে, যাতে সমস্ত আগ্রহী বাসিন্দাদের পর্যালোচনা এবং মন্তব্য করার পর্যাপ্ত সুযোগ থাকে। আগ্রহী পার্টিগুলো ওয়েবসাইট, ইমেইল অথবা চিঠির মাধ্যমে তাদের মন্তব্য জমা দিতে পারবে। মন্তব্যগুলো নিম্নলিখিত ঠিকানায় মেইল করা যেতে পারে:

Mayor's Office of Operations'
c/o Lisa Rambaran

253 Broadway – 10th Floor
New York, NY 10007

গণ শুনানিতে এবং মন্তব্যের সময়কালে লিখিত বা মৌখিকভাবে প্রাপ্ত কমিউনিটির বাসিন্দাদের কাছ থেকে যে কোনো মন্তব্য বা ধারণা সিটি বিবেচনা করবে। প্রাপ্ত মন্তব্য বা প্রতিক্রিয়ার সারমর্ম এবং মন্তব্যের প্রতিক্রিয়া চূড়ান্ত প্রতিবেদনের সাথে সংযুক্ত করা হবে।

## গণ শুনানি

কনসলিডেটেড প্ল্যান এবং এনুয়াল অ্যাকশন প্ল্যানের জন্য কমিউনিটির চাহিদা, তহবিলের প্রস্তাবিত ব্যবহার, প্রস্তাবিত কৌশলের উপর জনসাধারণের মন্তব্য পাওয়ার জন্য কমিউনিটি পরিকল্পনা প্রক্রিয়ার প্রতিটি মূল পর্যায়ে গণ শুনানি অনুষ্ঠিত হবে।

কনসলিডেটেড প্ল্যান এবং/অথবা এনুয়াল অ্যাকশন প্ল্যান জমা দেওয়ার আগে প্রোগ্রাম বছরের মধ্যে বিভিন্ন পরিকল্পনা পর্যায়ে সিটি কমপক্ষে দুটি গণ শুনানি আয়োজন করবে। প্রস্তাবিত পরিকল্পনাটি মন্তব্যের জন্য প্রকাশিত হওয়ার আগে কনসলিডেটেড প্ল্যান এবং এনুয়াল অ্যাকশন প্ল্যান তৈরির সময় এই শুনানির অন্তত একটি অনুষ্ঠিত হবে।

## ভাষার এক্সেস/ অনুবাদ পরিষেবা

অগ্রিম নোটিশের মাধ্যমে মেয়রের কার্যালয় সীমিত ইংরেজি দক্ষতার বাসিন্দাদের অনুবাদ পরিষেবা প্রদানের মাধ্যমে তাদের চাহিদা পূরণ করবে।

## সার্বজনীন নোটিশ/শুনানির প্রয়োজনীয়তার জন্য পূর্বশর্ত

পাবলিক মন্তব্যের সময়কাল এবং/অথবা একটি পাবলিক শুনানির জন্য প্রয়োজনীয়তা, এবং এই ধরনের মন্তব্যের সময়কাল, পরিবর্তন বা সংক্ষিপ্ত করা যেতে পারে, বিশেষ করে যদি HUD এই ধরনের পরিবর্তনের অনুমতি দেয়।

## কনসলিডেটেড প্ল্যান/ এনুয়াল অ্যাকশন প্ল্যান এবং সিটিজেন পার্টিসিপেশন প্ল্যানে উল্লেখযোগ্য সংশোধনী

কনসলিডেটেড প্ল্যান এবং/অথবা এনুয়াল অ্যাকশন প্ল্যান প্রোগ্রাম বছরের সময় সংশোধন করা যেতে পারে। ছোটখাটো পরিবর্তনগুলি বাস্তবায়নের আগে পাবলিক নোটিশ বা নাগরিকদের অংশগ্রহণের প্রয়োজন হবে না। যাইহোক, উল্লেখযোগ্য সংশোধনী গণ বিজ্ঞপ্তি এবং মন্তব্য সাপেক্ষে হবে।

নিম্নোক্ত পরিবর্তনগুলিকে একটি কনসলিডেটেড প্ল্যান/এনুয়াল অ্যাকশন প্ল্যানে "উল্লেখযোগ্য সংশোধন" হিসাবে বিবেচনা করা হয়:

- এনুয়াল অ্যাকশন প্ল্যানে তালিকাভুক্ত কোনো কার্যকলাপ মুছে ফেলা বা পরিকল্পনায় কোনো একটি যোগ করা;
- একটি পরিবর্তন যা কনসলিডেটেড প্ল্যান লক্ষ্যমাত্রার পঞ্চাশ শতাংশ (50 শতাংশ) এরও বেশি হ্রাস করে; বা
- একটি যোগ্য কার্যকলাপ বা প্রকল্প থেকে অন্য আরেকটিতে CDBG ফান্ড ব্যবহারের ক্ষেত্রে পরিবর্তনগুলি নীচে বর্ণনা করা হয়েছে:

- $500,000 বা তার কম বরাদ্দ সহ যে কোনও প্রকল্পের জন্য, পূর্বে অনুমোদিত পরিমাণের 75 শতাংশ বা তার বেশি অর্থায়নের মাত্রা বাড়ান বা হ্রাস করুন।
- $500,000 বা তার কম বরাদ্দ সহ যে কোনও প্রকল্পের জন্য, পূর্বে অনুমোদিত পরিমাণের 51 শতাংশ বা তার বেশি অর্থায়নের মাত্রা বাড়ান বা হ্রাস করুন।
- প্রোগ্রাম বছরে সময়ের সাথে সাথে প্রকল্পের ফান্ডিং-এর পরিমাণ কমে এবং বাড়ে। এমনকি ফান্ডিং এর রিপ্রোগ্রামিং -এর ফলেও মাঝে মাঝে এমন ঘটনা ঘটে। যখন ক্রমবর্ধমান পরিবর্তন উপরের থ্রেশহোল্ড পূরণ করে বা অতিক্রম করে, তখন পরিবর্তনটি একটি উল্লেখযোগ্য পরিবর্তন হিসাবে বিবেচিত হবে। উদাহরণস্বরূপ, যদি একটি বৃক্ষ রোপণ কর্মসূচির জন্য এনুয়াল অ্যাকশন প্ল্যানে $1,000,000 বরাদ্দ করা হয় এবং প্রোগ্রাম বছরে $600,000 যোগ করা হয় তাহলে বৃদ্ধির আগে একটি উল্লেখযোগ্য পরিবর্তনের প্রয়োজন হবে। ফান্ড থেকে অর্থ কাটার ক্ষেত্রেও তাই হবে। তার সাথে, যদি উদাহরণ বৃক্ষ রোপণ কর্মসূচিতে $600,000 যোগ করার ফলে জরুরী মেরামত কর্মসূচির মতো একটি প্রোগ্রাম থেকে হ্রাস পায় যা $40 মিলিয়ন বরাদ্দ করা হয়েছিল, যা মাত্র 1.5% হ্রাস, তার সত্ত্বেও উল্লেখযোগ্য সংশোধনী তার কারণগুলি এবং উভয় প্রকল্পের পরিবর্তনের প্রভাব বর্ণনা করবে।

HUD-তে সংশোধনী জমা দেওয়ার আগে সংশোধনীতে রিভিউ এবং মন্তব্য করার জন্য জনসাধারণের কাছে 30 দিন সময় থাকবে। প্রাপ্ত কোনো মন্তব্য সংশোধনের প্রস্তুতি হিসেবে বিবেচনা করা হবে। এই মন্তব্যগুলির একটি সারাংশ এবং গৃহীত না হওয়া মন্তব্যগুলির একটি সারাংশ এবং এর কারণগুলি, কনসলিডেটেড প্ল্যানে উল্লেখযোগ্য পরিবর্তনের সাথে সংযুক্ত করা হবে। একটি হালনাগাদ কনসলিডেটেড প্ল্যান/এনুয়াল অ্যাকশন প্ল্যান প্রোগ্রাম বছরের শেষ হওয়ার আগে HUD-তে জমা দেওয়া হবে, যার মধ্যে উল্লেখযোগ্য এবং ছোট উভয় সংশোধনী রয়েছে।

এই সিটিজেন পার্টিসিপেশন প্ল্যানও সংশোধন করা যেতে পারে, এবং এই জাতীয় পরিকল্পনার উল্লেখযোগ্য সংশোধন বাস্তবায়নের পূর্বে জনসাধারণের জন্য নোটিশ এবং মন্তব্য প্রয়োজন। কনসলিডেটেড প্ল্যান বা এনুয়াল অ্যাকশন প্ল্যানে উল্লেখযোগ্য সংশোধনী পরিস্থিতির তালিকার পরিবর্তনকেও সিটিজেন পার্টিসিপেশন প্ল্যানের একটি উল্লেখযোগ্য সংশোধন হিসাবে বিবেচনা করা হবে।

## রেকর্ড অ্যাক্সেস

সিটি Mayor's Office of Operations'-এর ওয়েবসাইটের মাধ্যমে বিগত পাঁচ বছরের জন্য CAPER-এর সাথে সম্পর্কিত তথ্য এবং রেকর্ডগুলিতে পর্যাপ্ত এবং সময়মত অ্যাক্সেস সহ বাসিন্দাদের, সরকারী সংস্থা এবং অন্যদের প্রদান করবে। এছাড়া অনুলিপিগুলি অনুরোধের ভিত্তিতে অল্টারনেটিভ ফরম্যাটে পাওয়া যাবে।

পরিকল্পনা প্রক্রিয়া চলাকালীন সিটি পরামর্শ, মিটিং এবং অন্যান্য যোগাযোগের মাধ্যমে রেকর্ডগুলিতে ব্যাপক অ্যাক্সেস প্রদান করা হবে।

## বাস্তু চ্যুতি

নিউ ইয়র্ক সিটি আশা করে না যে CPD অনুদান দ্বারা অর্থায়ন করা কার্যক্রমের ফলে কোনো ব্যক্তি বাস্তু চ্যুত হবে। ফেডারেল আইনের সাথে সামঞ্জস্যপূর্ণ, NYC-এর একটি আবাসিক অ্যান্টি-ডিসপ্লেসমেন্ট এবং রিলোকেশন সহায়তা পরিকল্পনা রয়েছে।

## অভিযোগ

Mayor's Office of Operations' কনসলিডেটেড প্ল্যান, এনুয়াল অ্যাকশন প্ল্যান বা CAPER -এর বিষয়ে যেকোনো অভিযোগ রিভিউ করবে। নাগরিকদের মন্তব্য যথাযথভাবে কনসলিডেটেড প্ল্যান, এনুয়াল অ্যাকশন প্ল্যান বা CAPER-এ সংক্ষিপ্ত আকারে লেখা থাকবে। Mayor's Office of Operations' বা অন্য সংস্থা 15 দিনের মধ্যে বাসিন্দাদের লিখিত অভিযোগের একটি লিখিত প্রতিক্রিয়া প্রদান করবে।

## কারিগরি সহযোগিতা

Mayor's Office of Management and Budget এবং সিটির অন্যান্য সংস্থাগুলি বার্ষিক বাজেট তৈরির প্রক্রিয়ার অংশ হিসাবে কমিউনিটি বোর্ডগুলিকে প্রযুক্তিগত সহায়তা প্রদান করে। কমিউনিটি বোর্ডগুলি তাদের কমিটির মিটিং, বোর্ড মিটিং এবং সিটির সংস্থাগুলির সাথে পরামর্শের সময় প্রযুক্তিগত সহায়তা পায় যাতে প্রোগ্রাম, প্রকল্প এবং পরিষেবাগুলির উন্নতিগুলি চিহ্নিত করতে এবং প্রচার করতে পারে যা তাদের উপাদান এবং স্থানীয় অর্থনীতিকে উপকৃত করবে৷ এমনকি পরিস্থিতির উন্নতি হবে৷

নিম্ন ও মধ্যম আয়ের গোষ্ঠীর প্রতিনিধিরা যারা প্রকল্পের প্রস্তাব প্রস্তুত করতে ইচ্ছুক তারা প্রযুক্তিগত সহায়তার জন্য তাদের নিজ নিজ প্রশাসনিক সংস্থার সাথে যোগাযোগ করতে পারেন। প্রতিটি প্রাসঙ্গিক প্রশাসনিক সংস্থা কেস-বাই-কেস ভিত্তিতে প্রযুক্তিগত সহায়তার স্তর এবং ধরন নির্ধারণ করবে।